1. পশ্চিমঘাট ও পূর্বঘাট পর্বত মিলিত হয়েছে এইখানে—
   (A) কার্ডামম পাহাড়ে
   (B) পালনী পাহাড়ে
   (C) আন্নামালাই পাহাড়ে
   (D) নীলগিরি পাহাড়ে

   The meeting point of the Eastern and Western Ghats is here—
   (A) Cardamom hills
   (B) Palni hills
   (C) Annamalai hills
   (D) Nilgiri hills

2. রাজস্থানের মরু অঞ্চলে বায়ুর সঞ্চয়কার্যের ফলে গঠিত বালিয়াড়িগুলি কী নামে অভিহিত করা হয়?
   (A) বার্খান
   (B) সিফ্
   (C) ধ্রিয়ান
   (D) ইয়ার্দাঙ

   Dunes formed through aeolian deposition in the Rajasthan desert region are known as
   (A) Barkhan
   (B) Seif
   (C) Dhrian
   (D) Yardang

3. শুষ্কতা সহ্যকারী উদ্ভিদকে বলা হয়
   (A) হ্যালোফাইট
   (B) হাইড্রোফাইট
   (C) মেসোফাইট
   (D) জেরোফাইট

   Plants which can adapt to dry environments are known as
   (A) Halophyte
   (B) Hydrophyte
   (C) Mesophyte
   (D) Xerophyte

4. কোন্ প্রকার পাতসীমান্তে মহাসাগরীয় শৈলশিরা গঠিত হয়েছে?
   (A) অভিসারী পাতসীমান্ত
   (B) প্রতিসারী পাতসীমান্ত
   (C) নিরপেক্ষ পাতসীমান্ত
   (D) স্থিতিশীল পাতসীমান্ত

   In which type of plate boundary the Mid-oceanic ridges are formed?
   (A) Convergent plate boundary
   (B) Divergent plate boundary
   (C) Neutral plate boundary
   (D) Static plate boundary

5. থার্মোক্লাইন হল এমন একটি স্তর যেখানে
   (A) উষ্ণতার কোনো পরিবর্তন হয় না।
   (B) চাপের হ্রাস ঘটে।
   (C) গভীরতার সাথে উষ্ণতার দ্রুত পরিবর্তন হয়।
   (D) সূর্যালোকের পরিমাণ বৃদ্ধি পায়।

   Thermocline is a layer where
   (A) Temperature remains constant.
   (B) Pressure decreases.
   (C) Temperature changes rapidly with depth.
   (D) Sunlight increases.

6. তৈগা বায়োমে এই বৃক্ষ দেখা যায়—
   (A) স্প্রুস
   (B) বাওবাব
   (C) ক্যাক্টাস
   (D) মেহগনি

   This species of plant is found in Taiga Biome—
   (A) Spruce
   (B) Baobab
   (C) Cactus
   (D) Mahogany

7. 'শৈবাল সাগর' সৃষ্টি হয়েছে কোন মহাসাগরে ?
(A) ভারত মহাসাগর
(B) উত্তর মহাসাগর
(C) প্রশান্ত মহাসাগর
(D) আটলান্টিক মহাসাগর

'Sargasso Sea' is located in the
(A) Indian Ocean
(B) Arctic Ocean
(C) Pacific Ocean
(D) Atlantic Ocean

8. তাপবিদ্যুৎ উৎপাদন জলবিদ্যুৎ উৎপাদনের চেয়ে বেশি উপস্থাপনযোগ্য কেন?
(A) তাপবিদ্যুৎকেন্দ্রে জলবিদ্যুতের তুলনায় কম গ্রিন হাউস গ্যাস নির্গমন হয়।
(B) তাপবিদ্যুৎকেন্দ্রের ব্যবহার অপেক্ষাকৃত পুরাতন।
(C) তাপবিদ্যুৎকেন্দ্র স্থাপনের ব্যয় অপেক্ষাকৃত কম।
(D) তাপবিদ্যুৎউৎপাদনে ঋতুভিত্তিক কোনো তারতম্য হয় না।

Why is it easier to set up a thermal power plant compared to a hydel power plant?
(A) Thermal power plant emits less green house gas than hydel power plant.
(B) Thermal power plant has been in use for a longtime.
(C) It is cheaperto setup a thermal power plant.
(D) There is no seasonal variation in the generation of thermal power.

9. ইলুভিয়েশন মাটির কোন্ স্তরে দেখা যায়?
(A) A
(B) D
(C) B
(D) C

In which layer of the soil does illuviation take place?
(A) A
(B) D
(C) B
(D) C

10. কর্ণাটকের শিমোগা জেলায় প্রচুর পরিমাণে কোন্ খনিজ পদার্থ পাওয়া যায়?
(A) ম্যাঙ্গানিজ
(B) কয়লা
(C) চুনাপাথর
(D) তামা

Which mineral deposit is found in large quantities in Shimoga district of Karnataka?
(A) Manganese
(B) Coal
(C) Limestone
(D) Copper

11. মাটির উর্বরতা বৃদ্ধিতে এটির ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ—
(A) ফসফরাস
(B) সিলিকা
(C) ক্যালসিয়াম
(D) সোডিয়াম

Thiselementis very importantforimproving soil fertility—
(A) Phosphorous
(B) Silica
(C) Calcium
(D) Sodium

12. পৃথিবীর কোন্ মহাদেশে সর্বাধিক জনঘনত্ব পরিলক্ষিত হয়?
(A) আফ্রিকা
(B) উত্তর আমেরিকা
(C) ইউরোপ
(D) এশিয়া

Which continent has the highest population density?
(A) Africa
(B) North America
(C) Europe
(D) Asia

13. স্বল্প লবণতা সাধারণত দেখা যায়
(A) ক্রান্তীয় অঞ্চলে
(B) আবদ্ধ সাগরে
(C) নদীর মোহনায়
(D) প্রবাল প্রাচীরে

Low salinity is generally found in
(A) Tropical region
(B) Closed seas
(C) River mouths
(D) Coral reefs

14. বাস্তুতন্ত্রে একটি পুষ্টিস্তর থেকে পরবর্তী পুষ্টিস্তরে কত শতাংশ শক্তি স্থানান্তরিত হয়?
(A) 20%
(B) 10%
(C) 25%
(D) 50%

What percentage of energy is transferred from one trophic layer to another in an ecosystem?
(A) 20%
(B) 10%
(C) 25%
(D) 50%

15. নিম্নলিখিত সমুদ্রস্রোতগুলির মধ্যে কোনটি শীতল সমুদ্রস্রোত?
(A) নিরক্ষীয় স্রোত
(B) হামবোল্ড স্রোত
(C) উপসাগরীয় স্রোত
(D) ব্রাজিলিয়ান স্রোত

Which of the following ocean currents is a cold current?
(A) Equatorial current
(B) Humboldt current
(C) Gulf stream
(D) Brazilian current

16. অনূর্ধ্ব ও তদূর্ধ্ব প্রকৃতির অজাইভের ছেদবিন্দু কোন্ মানকে নির্দেশ করে?
(A) মধ্যমা
(B) গড়
(C) সংখ্যাগুরু মান
(D) আদর্শ বিচ্যুতি

The intersection of less than type and more than type Ogive indicates
(A) Median
(B) Mean
(C) Mode
(D) Standard Deviation

17. 'নিক্‌বিন্দু'-র উদ্ভব হয়
(A) বহুচক্রিক নদী উপত্যকায়।
(B) পর্যায়িত নদী উপত্যকায়।
(C) নদী উপত্যকার নিম্নপ্রবাহে।
(D) বৃষ্টিবহুল নদী উপত্যকায়।

'Knick point' is found at
(A) Multicyclic river valley.
(B) Graded river valley.
(C) Lower stage of the river valley.
(D) Rainfed river valley region.

18. ঢালের ওপর অবস্থিত দেওয়াল হেলে পড়া কোন ধরনের পুঞ্জিত ক্ষয়ের ফলাফল?
(A) ভূমিধ্বস
(B) কর্দমপ্রবাহ
(C) প্রস্তরপতন
(D) মৃত্তিকা বিসর্পণ

Tilting of wall located over slope is a result of which type of mass wasting?
(A) Landslide
(B) Mudflow
(C) Rockfall
(D) Soil creep

19. নিম্নলিখিত দেশগুলির মধ্যে কোনটিতে নাশপাতি আকৃতির বয়ঃক্রমিক-লিঙ্গানুপাত পিরামিড দেখতে পাওয়া যায়?

(A) ভারতবর্ষ

(B) নাইজিরিয়া

(C) ব্রাজিল

(D) নরওয়ে

Which of the following countries has a 'pear-shaped' age-sex pyramid?

(A) India

(B) Nigeria

(C) Brazil

(D) Norway

20. ইন্দোনেশিয়ায় স্থানান্তর কৃষি এই নামে পরিচিত—

~~(A) মিল্‌পা~~

(B) ঝুম

(C) ফ্যাঙ

(D) লাদাঙ

In Indonesia, shifting cultivation is known as

(A) Milpa

(B) Jhum

(C) Fang

(D) Ladang

21. লৌহ আকরিকের মধ্যে শতকরা লোহার ভাগ সবচেয়ে বেশি থাকে কোনটিতে?

(A) লিমোনাইট

(B) হেমাটাইট

(C) ম্যাগনেটাইট

(D) সিডেরাইট

Which of these ores contains the highest percentage of iron?

(A) Limonite

(B) Haematite

(C) Magnetite

(D) Siderite

22. 'ভূমিরূপ হল ভূ-গঠন, প্রক্রিয়া এবং পর্যায়ের সমন্বিত ফল' — এই তত্ত্বটির প্রবক্তা কে?

(A) ডব্লিউ পেংক

(B) টি. এইচ. হ্যাক

(C) এল. সি. কিং

(D) ডব্লিউ. এম. ডেভিস

'Landform is the function of structure, process and stage' — who propounded this theory?

(A) W. Penck

(B) T. H. Hack

(C) L. C. King

(D) W. M. Davis

23. ভারতবর্ষে গমচাষের প্রগাঢ়তা সবচেয়ে বেশি এই রাজ্যে—

(A) পাঞ্জাব

(B) হরিয়ানা

(C) মহারাষ্ট্র

(D) গুজরাট

Intensity of wheat cropping in India is the highest in

(A) Punjab

(B) Haryana

(C) Maharashtra

(D) Gujarat

24. কম বৃষ্টিযুক্ত অঞ্চলে এই মাটি গড়ে ওঠে—

(A) পেডোক্যাল

(B) পেডালফার

(C) লবণাক্ত মাটি

(D) লিথোসল

This type of soil develops in low rainfall regions—

(A) Pedocal

(B) Pedalfer

(C) Saline soil

(D) Lithosol

25. একটি নির্দিষ্ট অঞ্চলে মানুষ-জমি অনুপাতের আদর্শ অবস্থাকে কী নামে অভিহিত করা হয়?

(A) জনাধিক্য
(B) কাম্য জনসংখ্যা
(C) জনস্বল্পতা
(D) বহনক্ষমতা

The ideal situation of man-land ratio in a particular region is called

(A) Overpopulation
(B) Optimum Population
(C) Underpopulation
(D) Carrying Capacity

26. কোন্ ভূগোলবিদ পৃথিবীকে স্বাভাবিক অঞ্চলে বিভক্ত করেন?

(A) অধ্যাপক হার্বার্টসন
(B) কার্ল ও সয়ার
(C) হান্টিংটন
(D) কান্ট

Which of these geographers divided the world into 'natural regions'?

(A) Prof. Herbertson
(B) Carl O Sauer
(C) Huntington
(D) Kant

27. নিম্নলিখিত অভিক্ষেপগুলির মধ্যে কোন্‌টির ক্ষেত্রে অভিক্ষেপতল মধ্য-অক্ষাংশকে স্পর্শ করে?

(A) মার্কেটর
(B) নমোনিক
(C) সাধারণ শাঙ্কব অভিক্ষেপ
(D) সাইনুসয়ডাল অভিক্ষেপ

In which of the following projections does the developable surface touch the mid-latitude?

(A) Mercator's
(B) Gnomonic
(C) Simple Conical Projection
(D) Sinusoidal Projection

28. পৃথিবীর বায়ুমণ্ডলের শীতলতম স্তরটি হল

(A) মেসোস্ফিয়ার
(B) এক্সোস্ফিয়ার
(C) থার্মোস্ফিয়ার
(D) স্ট্রাটোস্ফিয়ার

Which of these is the coldest layer of the earth's atmosphere?

(A) Mesosphere
(B) Exosphere
(C) Thermosphere
(D) Stratosphere

29. বহির্মুখী প্রব্রজন হলে উৎস অঞ্চলে নিম্নলিখিত প্রভাব দেখা যায় না

(A) দক্ষ শ্রমিকের অভাব দেখা যায়
(B) জনঘনত্ব হ্রাস পায়
(C) তীব্র বেকার সমস্যা দেখা যায়
(D) উৎসস্থলের অর্থনৈতিক উন্নয়ন ঘটে

Out-migration of population will not have this effect in the source region

(A) Scarcity of skilled labour
(B) Decrease in population density
(C) Increase in unemployment
(D) Economic development in the source region

30. নিম্নলিখিত আগ্নেয়গিরিগুলির মধ্যে কোন্‌টি মৃত আগ্নেয়গিরির উদাহরণ?

(A) ভিসুভিয়াস
(B) মৌনালোয়া
(C) নারকোন্ডাম
(D) এটনা

Which of the following is an example of extinct volcano?

(A) Vesuvius
(B) Maunaloa
(C) Narkondam
(D) Etna

31. এর মধ্যে কোনটি বাস্তুতন্ত্রে বিয়োজকের ভূমিকা পালন করে?

(A) হরিণ

(B) গিরগিটি

(C) ক্লস্ট্রিডিয়াম

(D) প্ল্যাঙ্কটন

Which of these plays the role of decomposer in the ecosystem?

(A) Deer

(B) Chameleon

(C) Clostridium

(D) Plankton

32. একটি পাইচিত্রের কেন্দ্রে উৎপন্ন কোণের সর্বমোট মান কত?

(A) 90°

(B) 180°

(C) 270°

(D) 360°

What is the total angle formed at the centre of a piegraph?

(A) 90°

(B) 180°

(C) 270°

(D) 360°

33. নিম্নলিখিত দেশগুলির মধ্যে কোথায় বার্ষিক জনসংখ্যা বৃদ্ধির হার সর্বাধিক?

(A) ভারত

(B) চীন

(C) আফগানিস্তান

(D) বাংলাদেশ

Which of the following countries has the highest annual population growth rate?

(A) India

(B) China

(C) Afghanistan

(D) Bangladesh

34. নিম্নলিখিত ভূমিরূপগুলির মধ্যে কোনটি ভাঁজের ফলে গঠিত?

(A) গ্রস্ত-উপত্যকা

(B) স্তূপ পর্বত

(C) চ্যুতি-ভৃগু

(D) ঊর্ধ্বভঙ্গ শৈলশিরা

Which of the following is a landform created by folding?

(A) Rift valley

(B) Block mountain

(C) Fault scarp

(D) Anticline ridge

35. পৃথিবীর ভূত্বকের কোন অংশের ঘনত্ব সর্বাধিক?

(A) মহাদেশীয় ভূত্বক

(B) মহাসাগরীয় ভূত্বক

(C) গুরুমণ্ডল

(D) কেন্দ্রমণ্ডল

Which part of the earth's crust has the highest density?

(A) Continental crust

(B) Oceanic crust

(C) Mantle

(D) Core

36. ভারতের এই অঞ্চলে বছরে দুই ঋতুতেই বৃষ্টিপাত হয়—

(A) কর্ণাটক উপকূল

(B) পশ্চিমবঙ্গ উপকূল

(C) তামিলনাড়ু উপকূল

(D) আন্দামান দ্বীপপুঞ্জ

This part of India receives rainfall in two seasons of a year—

(A) Karnataka Coast

(B) West Bengal Coast

(C) Tamil Nadu Coast

(D) Andaman Islands

37. সর্বশেষ জনগণনা অনুসারে কোন্ রাজ্য লিঙ্গানুপাতের দিক থেকে ভারতবর্ষে শ্রেষ্ঠ স্থান অর্জন করেছে?

(A) কর্ণাটক
(B) ত্রিপুরা
(C) পশ্চিমবঙ্গ
(D) কেরালা

As per the latest census, which state in India achieved the first place according to sex-ratio?

(A) Karnataka
(B) Tripura
(C) West Bengal
(D) Kerala

38. কোন্ সূত্র অনুযায়ী দক্ষিণ গোলার্ধে বায়ুর প্রবাহের দিকে পিছন করে দাঁড়ালে নিম্নচাপ এলাকা ডানদিকে থাকবে?

(A) ফেরেল-এর সূত্র
(B) কোরিওলিস বল
(C) বাইস ব্যালট-এর সূত্র
(D) হ্যালি-র সূত্র

By which law will the low pressure area be on the right side if one faces away from the direction of wind in the southern hemisphere?

(A) Ferrel's law
(B) Coriolis force
(C) Buys Ballot's law
(D) Halley's law

39. ভারত ও সোভিয়েত বিজ্ঞানীদের যৌথ প্রচেষ্টায় 'MONEX' সম্পাদিত হয় কোন্ সালে?

(A) 1970
(B) 1979
(C) 1990
(D) 1960

In which year, was 'MONEX' carried out by Indian and Soviet scientists?

(A) 1970
(B) 1979
(C) 1990
(D) 1960

40. সাভানা তৃণভূমি অঞ্চলের পশুপালক যাযাবরের এক গোষ্ঠী হল

(A) পিগমী
(B) সেমাং
(C) মাসাই
(D) টোডা

Which of these is a pastoral nomadic tribe of the Savannah grassland region?

(A) Pygmy
(B) Semang
(C) Masai
(D) Toda

41. মূল স্কেলের ক্ষুদ্রতম ঘরের মান ও ভার্নিয়ার বিভাগ সংখ্যার অনুপাতকে কী বলা হয়?

(A) মূল স্কেল মান
(B) ভার্নিয়ার স্কেল মান
(C) ভার্নিয়ার ধ্রুবক
(D) মূল স্কেল ধ্রুবক

The ratio between the least count of the main scale and number of vernier scale divisions is called

(A) Main scale reading
(B) Vernier scale reading
(C) Vernier constant
(D) Main scale constant

42. নদীর নিম্নক্ষয়ের সর্বনিম্ন হার পরিলক্ষিত হয়

(A) পার্বত্য উপত্যকায়
(B) পর্বতের পাদদেশে
(C) সমুদ্রসমতলের নিকটে
(D) মালভূমিতে

Lowest rate of downcutting of a river is observed at

(A) Mountain valley
(B) Piedmont region
(C) Near sea level
(D) Plateau region

[Please Turn Over]

43. ভারত সরকার কোন্ সালে জৈবিক বৈচিত্র্য আইন প্রণয়ন করেন?

(A) 1992
(B) 2000
(C) 2002
(D) 1980

In which year, did the Government of India introduce the Biodiversity Act?

(A) 1992
(B) 2000
(C) 2002
(D) 1980

44. নিম্নলিখিতগুলির মধ্যে কোন্‌টি প্রচলিত শক্তির উৎস নয়?

(A) কয়লা
(B) সৌরশক্তি
(C) খনিজ তেল
(D) প্রাকৃতিক গ্যাস

Which of these is not a conventional source of energy?

(A) Coal
(B) Solar power
(C) Mineral oil
(D) Natural gas

45. এর মধ্যে ভারতের কোন্ নদীটি পূর্ববাহিনী নয়?

(A) গোদাবরী
(B) কাবেরী
(C) তাপী
(D) কৃষ্ণা

Which of these is not an east-flowing river in India?

(A) Godavari
(B) Cauvery
(C) Tapi
(D) Krishna

46. উষ্ণ-আর্দ্র জলবায়ুতে চুনাপাথরের উপর কোন্ প্রকারের রাসায়নিক আবহবিকার ঘটতে দেখা যায়?

(A) জারণ
(B) অঙ্গারযোজন
(C) জলযোজন
(D) সিলিকাবিয়োজন

Which type of chemical weathering is found to be operative on limestone in hot-humid climate?

(A) Oxidation
(B) Carbonation
(C) Hydration
(D) Desilication

47. এগুলির মধ্যে কোন্‌টি উচ্চফলনশীল ধানের জাত নয়?

(A) জয়া
(B) আই আর-20
(C) স্বর্ণ-sub 1
(D) সোনালিকা

Which of these is not a high yielding variety of rice?

(A) Jaya
(B) IR-20
(C) Swarno-sub 1
(D) Sonalika

48. কিছু শিল্প প্রধানত কাঁচামালের নিকট গড়ে ওঠে। একটি উল্লেখযোগ্য উদাহরণ হল

(A) কার্পাস বয়ন শিল্প
(B) চিনি শিল্প
(C) তথ্যপ্রযুক্তি শিল্প
(D) রাসায়নিক শিল্প

Some industries come up near the source of raw materials. An important example is

(A) Cotton Textile industry
(B) Sugar industry
(C) Information Technology industry
(D) Chemical industry

49. উত্তর-পশ্চিম আটলান্টিক উপকূলে অবস্থিত একটি প্রধান মৎস্য বন্দর হল

(A) পোর্টল্যান্ড
(B) নিউপোর্ট
(C) স্কিনা
(D) ট্রমসো

A famous fishing port located along the North-west Atlantic coast is

(A) Portland
(B) Newport
(C) Skina
(D) Tromso

50. কোন প্রকার স্কেলের দ্বারা সূক্ষ্মতম পরিমাপ করা সম্ভব?

(A) লিখিত স্কেল
(B) সরল রৈখিক স্কেল
(C) অনুপাত স্কেল
(D) ভার্নিয়ার স্কেল

Which type of scale helps in finest measurement?

(A) Statement scale
(B) Simple linear scale
(C) Ratio scale
(D) Vernier scale

51. 'বাস্তুতন্ত্র' কথাটি প্রথম প্রচলন করেন

(A) এ. জি. ট্যানলে
(B) আর. লিন্ডেম্যান
(C) ই. পি. ওডাম
(D) ক্লার্ক

Who was the proponent of the term 'ecosystem'?

(A) A. G. Tansley
(B) R. Lindeman
(C) E. P. Odum
(D) Clark

52. 'ভারতের ম্যানচেস্টার' নামে পরিচিত এই শহরটি—

(A) মুম্বাই
(B) কলকাতা
(C) আহমেদাবাদ
(D) নাগপুর

This city is known as the 'Manchester of India'—

(A) Mumbai
(B) Kolkata
(C) Ahmedabad
(D) Nagpur

53. সমুদ্রজলের লবণতার প্রধান উৎস হল

(A) মহাসাগরীয় ভূত্বক
(B) মহাদেশীয় ক্ষয়ীভূত পদার্থ
(C) সামুদ্রিক অগ্ন্যুৎপাত
(D) উল্কাপাত

The principal source of ocean salinity is

(A) Oceanic crust
(B) Eroded materials from the continents
(C) Oceanic volcanism
(D) Meteoric fall

54. ভারতের এই প্রদেশগুলির মধ্যে কোথায় আদিবাসী জনসংখ্যা সবচেয়ে বেশি?

(A) মধ্যপ্রদেশ
(B) উত্তরপ্রদেশ
(C) বিহার
(D) মহারাষ্ট্র

Which of the following states in India has the highest tribal population?

(A) Madhya Pradesh
(B) Uttar Pradesh
(C) Bihar
(D) Maharashtra

55. মহাদেশীয় উপকূল ও মহীঢালের মধ্যবর্তী অঞ্চলকে কী নামে অভিহিত করা হয়?

(A) মহীসোপান

(B) গভীর সমুদ্রের সমভূমি

(C) সমুদ্র ক্যানিয়ন

(D) গায়ট

The intermediate region between Continental Coastline and Continental Slope is known as

(A) Continental shelf

(B) Abyssal plain

(C) Sea canyon

(D) Guyots

56. জাপান উপকূলে উদ্ভূত ক্রান্তীয় ঘূর্ণবাতটি হল

(A) হ্যারিকেন

(B) টর্নেডো

(C) গর্জনশীল চল্লিশা

(D) টাইফুন

Tropical cyclone that originates along the Japan coast is known as

(A) Hurricane

(B) Tornado

(C) Roaring Forties

(D) Typhoon

57. উষ্ণতার বৈপরীত্য এই কারণে সৃষ্টি হয়—

(A) দীর্ঘ রাত্রি

(B) শান্ত আবহাওয়া

(C) বরফাবৃত ভূপৃষ্ঠ

(D) উপরের সবগুলিই

Inversion of temperature is caused by

(A) Long night

(B) Calm weather

(C) Snow-covered surface

(D) All of the above

58. একটি দেশের জনঘনত্ব মানচিত্রে উপস্থাপন করার জন্য কোন্ প্রকারের কার্টোগ্রাম সর্বাপেক্ষা উপযুক্ত হবে?

(A) পাইগ্রাফ

(B) কোরোপ্লেথ

(C) কোরোক্রোমাটিক

(D) ডট ও স্ফিয়ার

Which will be the most suitable cartogram to represent the population density of a country?

(A) Piegraph

(B) Choropleth

(C) Chorochromatic

(D) Dot and Sphere

59. নিম্নলিখিত শিলাগুলির মধ্যে কোনটির কাঠিন্যের মাত্রা সর্বাধিক?

(A) বেলেপাথর

(B) মার্বেল

(C) কোয়ার্টজাইট

(D) চুনাপাথর

Which of the following rocks has the highest degree of hardness?

(A) Sandstone

(B) Marble

(C) Quartzite

(D) Limestone

60. পৃথিবীর ভূত্বকের উপরি-অংশ মূলত গঠিত হয়েছে কোন্ দুটি খনিজ মৌলের দ্বারা?

(A) নিকেল ও লোহা

(B) তামা ও লোহা

(C) সিলিকা ও ম্যাগনেসিয়াম

(D) সিলিকা ও অ্যালুমিনিয়াম

The upper part of the earth's crust is mainly composed of which two mineral constituting elements?

(A) Nickel and Iron

(B) Copper and Iron

(C) Silica and Magnesium

(D) Silica and Aluminium